



লেকচার শীট-১

শ্রেণি:ষষ্ঠ

বিষয়:বাংলা ১ম পত্র

অধ্যায়: ফাগুন মাস (চারপাঠ)

তারিখ: ১১/১০/২০

\* কবি পরিচিতি:

**ওমায়ন আজাদ**

জন্ম	১৯৪৭ খ্রিষ্টাব্দে
জেলা	তৎকালীন ঢাকা জেলার বিক্রমপুরের(বর্তমান মুঙ্গিঙ্গে জেলা) রাঢ়িখালে
পড়াশোনা	একজন কৃতী ছাত্র হিসেবে তাঁর শিক্ষাজীবন শেষ করেন। এম.এ (বাংলা), ঢাকা বিশ্ববিদ্যালয়; পি-এইচ.ডি, এডিনবরা বিশ্ববিদ্যালয়
পেশা	প্রভাষক-চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, সহকারী অধ্যাপক-জাহাঙ্গীর বিশ্ববিদ্যালয়; সহযোগী অধ্যাপক-ঢাকা বিশ্ববিদ্যালয়; অধ্যাপক-ঢাকা বিশ্ববিদ্যালয়
উল্লেখযোগ্য গ্রন্থ	বাক্যতত্ত্ব, লাল নীল দীপাবলি, কতো নদী সরোবর, ঝুলো চিতাবাঘ, সবকিছু ভেঙে পড়ে ইত্যাদি
পুরস্কার	বাংলা একাডেমী পুরস্কার(১৯৮৭)
জীবনাবসান	১২ আগস্ট, ২০০৪ খ্রিষ্টাব্দ, জার্মানির মিউনিখ শহরে

পাঠের উদ্দেশ্য: বায়ানের ভাষা আন্দোলনের পটভূমিতে মাতৃভাষা ও দেশপ্রেমবোধে উদ্বৃদ্ধ করা।

## **পাঠ-পরিচিতি:**

বাংলাদেশের ইতিহাসে ফাল্গুন মাসের সঙ্গে একুশে ফেব্রুয়ারি একই সূত্রে গাঁথা । কেননা এ মাসেই বাংলা ভাষার মর্যাদা রক্ষার সংগ্রামে ঢাকার রাজপথ বাংলার সাহসী সন্তানদের রক্তে রঞ্জিত হয়েছিল । প্রতি বছর যখন ফাগুন মাস আসে, তখন আমাদের শৃঙ্খলা চলে যায় ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারির রক্তবরা দিনে । ফাগুন মাস কবিতায় তুলে ধরা হয়েছে শোক ও বেদনার গভীর অনুভূতি ।

## **সম্পূর্ণ কবিতা পড়বে:**

কবিতাটিতে ফাল্গুন মাসে প্রকৃতির কিছু বৈশিষ্ট্যের কথা বলা হয়েছে । আর বলা হয়েছে কিছু ঘটনার কথা । কবিতাটি পড়ে নিচের দুটি ছকে সে দুটি দিক লিখবে ।

## **ফাগুন মাসে প্রকৃতির বৈশিষ্ট্য:**

- ১.
- ২.
- ৩.
- ৪.
- ৫.

## **ফাগুন মাসে ঘটে যাওয়া ঘটনা:**

- ১.
- ২.
- ৩.
- ৪.
- ৫.

কবি পরিচিতি ও পাঠ পরিচিতি পড়বে।

শিক্ষার্থীরা ২০ টি জ্ঞানমূলক প্রশ্ন তৈরি করবে কবি পরিচিতি ও পাঠ পরিচিতি থেকে।

জ্ঞানমূলক প্রশ্নের উত্তর লিখবে:

১. কোন মাস ভীষণ দস্যি?
২. ফাগুন মাসে ঘাস কী ঠেলে মাথা উঁচু করে?
৩. সবুজ আলো জুলে কোন মাসে?
৪. হাওয়ায় হাওয়ায় কী ছড়ায়?
৫. ফাগুন মাসে বনে কে কেঁদে ওঠে?
৬. ফাগুন মাসে মাঝের চোখে জল কীসের ওপর টলমল করে?
৭. কোন মাসে বোনেরা কেঁদে ওঠে?
৮. ফাগুন মাসে ভাইয়েরা কোথায় নামে?
৯. ফাগুন মাসে বুকের ভেতর কী ওঠে?
১০. ফাগুন মাস কোন মাসের সাথে একই সূত্রে গাঁথা?

সাহানা পারভীন সুমি